দৈনিক সংবাদ

তারিখ ...........

পৃষ্ঠা ৩ কলাম ৬.....

1 1 2002

# মির্জাপুরে সাক্ষরতা দিবস পালন

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে সংবাদদাতা ঃ বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মির্জাপুরে গণশিক্ষা প্রচার অভিযান, বয়স্ক শিক্ষা সপ্তাহ ও আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০২ পালিত হয়েছে। এ উপলক্ষে মির্জাপুর উপজেলা কমপ্লেক্স মিলনায়তনে এক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আয়াত উল্লা মজুমদার। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও সামাজিক-রাজনৈতিকদলের নেতৃবৃন্দ আলোচনায় অংশ নেন। আলোচনাশেষে শিশু-কিশোরদের সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

পরে ছাত্রছাত্রী, শিক্ষক, সরকারি-বেসরকারি কর্মকর্তাদের সমন্বয়ে একটি র‍্যালি সদরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।